

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৬

আগরতলা, ১৬ এপ্রিল, ২০২৬

লাইট হাউস প্রকল্পের সাইট
পরিদর্শনে নগরোন্নয়ন দপ্তরের সচিব

নগরোন্নয়ন দপ্তরের সচিব ড. মিলিন্দ রামটেকে গত ১৪ এপ্রিল, ২০২৬ আগরতলার লাইট হাউস প্রকল্প এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে তার সাথে উপস্থিত ছিলেন টুডার কমিশনার মিহির কাশ্তি গোপ, স্মার্ট সিটি-র সি.ই.ও. ড. গুণ্ডলাবথ শরথ নায়ক এবং মেসার্স মিটসুমি হাউজিং প্রাইভেট লিমিটেডের প্রতিনিধি ও টুডার প্রকৌশলীগণ।

উল্লেখ্য, লাইট হাউস প্রকল্পে মোট ৭টি ব্লক তৈরি হবে, যা এখন নির্মাণাধীন রয়েছে। পরিদর্শনকালে নগরোন্নয়ন দপ্তরের সচিব সংশ্লিষ্ট এজেন্সিকে প্রকল্পের কাজ ত্বরান্বিত করতে বলেন। বিশেষ করে ব্লক-এ ও ব্লক এফ.-কে অগ্রাধিকারের ভিত্তিতে শেষ করার উপর গুরুত্ব আরোপ করেন। এই দুই ব্লকের সুপার স্ট্রাকচারের কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। এই দুই ব্লকের কাজ মে, ২০২৬-এর মধ্যে শেষ করতে বলা হয়েছে। পাশাপাশি বাকি পাঁচটি ব্লকের কাজও এগিয়ে নিয়ে যাওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। এই দুটি ব্লকের নির্মাণ শেষ হলে ২৭৮টি ঘর সুবিধাভোগীদের হাতে তুলে দেওয়া যাবে। তাছাড়া এজেন্সিকে বাকি কাজের সুষ্ঠু তদারকি করতেও নির্দেশ দেওয়া হয় যাতে শ্রমিক, নির্মাণ সামগ্রী ও মেশিনপত্র যথা সময়ে কাজে লাগানো যায় এবং কাজের অগ্রগতি ত্বরান্বিত হয়। টুডার পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।
